দৈনিক খবর

তারিখ 2 3 JAN 1993
পৃষ্ঠা ৭ কলাম ৫

৪৭

# শিক্ষামন্ত্রীর সঙ্গে সরকারী কলেজ শিক্ষক সমিতি প্রতিনিধি দলের সাক্ষাৎ

বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক সমিতির একটি প্রতিনিধি দল সম্প্রতি শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দীন সরকারের সাথে তার দফতরে সাক্ষাৎ করেন। প্রতিনিধি দল সরকারী কলেজে শূন্য পদ পূরণ, বিভিন্ন স্তরের শিক্ষকদের পদোন্নতি প্রক্রিয়া ত্বরান্বিতকরণ, প্রভাষকদের চার বছর পূর্তির পর ৪১০০ টাকা টাইম স্কেল প্রদান লাইব্রেরিয়ান, প্রদর্শন শিক্ষক ও শরীর চর্চা শিক্ষকগণের সংশ্লিষ্ট বিভাগে উর্ধ্বতন পদ সৃষ্টি করে পদোন্নতির দাবী ভিত্তিক একটি স্মারকলিপি পেশ করেন।

স্মারকলিপির প্রেক্ষিতে শিক্ষামন্ত্রী জানানঃ সরকার সাড়ে তিন হাজার শিক্ষকের পদোন্নতি দিয়েছে এবং পদোন্নতি ও নতুন নিয়োগের দ্বারা সকল শূন্য পদ কিছুদিনের মধ্যে পূরণ করা হবে এবং পদোন্নতি প্রক্রিয়া চলবে।

বিশেষ বিসিএস পরীক্ষায় মনোনীত দুই হাজার প্রভাষককে সরকারী কলেজে নিযুক্ত করার পর একটি প্যানেল তৈরী করা হবে যাতে করে প্রভাষক পদ শূন্য হওয়ার সাথে সাথে তাৎক্ষণিকভাবে প্রভাষক পদ পূরণ করা সম্ভব হয়।

মাধ্যমিক স্কুলে উচ্চ মাধ্যমিক শ্রেণীর লেখাপড়ার ব্যবস্থা চালু করা হবে যাতে গ্রামের ছেলে-মেয়েরা অল্প খরচে উচ্চ মাধ্যমিক শ্রেণী পর্যন্ত পড়ার সুযোগ পায়।

প্রতিনিধি দলে ছিলেন সমিতির সভাপতি অধ্যাপক এম মোজাফফর হোসেন, সহ-সভাপতি অধ্যাপক মতিয়ুর রহমান, সহ-সভাপতি অধ্যাপক আবদুর রউফ, সহ-সভাপতি অধ্যাপক সাখাওয়াত হোসেন, সাধারণ সম্পাদক মোঃ হাসানুল বারি, যুগ্ম-সাধারণ সম্পাদক মোঃ খলিলুর রহমান, সমাজ কল্যাণ সম্পাদক মিজানুর রহমান, প্রচার সম্পাদক বেগম হাসনা হেনা, অধ্যক্ষ আব্দুস ছাত্তার, অধ্যাপিকা জিনাত রোকসানা ও কোষাধ্যক্ষ সাঈদ আহমেদ। -প্রেসবিজ্ঞপ্তি।